

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা


নং-১৭.০০.০০০০.০২৫.২২.০৪৮.১৩.১৯৪

তারিখঃ ০৪ ফেব্রুয়ারী, ২০১৪

বিষয় : উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর সংশোধনের গেজেট প্রেরণ প্রসঙ্গে।

উপরি উক্ত বিষয়ে জানুয়ারী ২৯, ২০১৪ ইং তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর সংশোধনের ০১ (এক) কপি গেজেট সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ননামতে ০১ (এক) প্রস্থ


(মুঃ আবদুল অদুদ)
উপ-সচিব(নিঃসঃওসঃ)
ফোন#৯১২৯৮০৯

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয়পত্র নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ইসলামী ফাউন্ডেশন ভবন, আগারগাঁও, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার,.....(সকল)
- ৪। যুগ্ম-সচিব,.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৫। মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ৬। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা(উক্ত গেজেটটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ৭। জেলা প্রশাসক,.....(সকল)
- ৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,.....(সকল)
- ৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সাবিক)..... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
- ১০। পুলিশ সুপার,.....(সকল)
- ১১। উপ-সচিব,.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১২। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৩। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,..... ও রিটার্নিং অফিসার (সকল)
- ১৪। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল)
- ১৫। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৬। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
- ১৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৮। উপজেলা/থানা নির্বাচন অফিসার.....(সকল)
- ১৯। লাইব্রেরিয়ান, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (তাকে উক্ত গেজেটের কপি লাইব্রেরীতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো)

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২৯, ২০১৪

নির্বাচন কমিশন

বাংলাদেশ

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ মাঘ ১৪২০ বঙ্গাব্দ/২৭ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১১-আইন/২০১৪।—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ এর উপ-ধারা (৩), ধারা ২০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালায়—

(১) তফসিল-১ এর—

(ক) ফরম-ক, ফরম-ক-১, ফরম-ক-২ ও ফরম-ক-৩ এর চতুর্থ খণ্ডতে উল্লিখিত “২০১২” সংখ্যাগুলির পরিবর্তে “২০১৩” সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) মহিলা ভাইস চেয়ারম্যান নির্বাচনে প্রার্থীর মনোনয়নপত্র ফরম এর উপরিভাগে উল্লিখিত “ফরম-ক” শব্দ, চিহ্ন ও অক্ষরের পরিবর্তে “ফরম-ক-২” শব্দ, চিহ্নগুলি, অক্ষর ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(২) তফসিল-২ এর ক্রমিক নং ৭ এ উল্লিখিত “টেলিভিশন” শব্দের পরিবর্তে “দোয়াত-কলম” শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(৩) তফসিল-৩ এর ক্রমিক নং ৮ এ উল্লিখিত “ফুটবল” শব্দের পরিবর্তে “জাহাজ” শব্দ প্রতিস্থাপিত হইবে;

(১৫৬৫)

মূল্য ৪ টাকা ৪.০০

